দৈনিক সংবাদ

তারিখ 04 JAN 1990
পৃষ্ঠা 8 কলাম 9

28

09

## সার্টিফিকেটে বানান ভুল

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় মূল সার্টিফিকেটে অনেক সময় নামের বানান ভুল দেখা যায়। উচ্চ শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ে পড়তে গেলে বিশ্ববিদ্যালয় প্রশাসন এই ভুলগুলোর কারণে ভর্তির ব্যাপারে আপত্তি তোলেন। চাকরি ক্ষেত্রেও ভুল বানানের সার্টিফিকেট নিয়ে ঝামেলা হয়। তারপর ভুল সংশোধনের জন্য শিক্ষা বোর্ডের নিকট ধর্না দিতে হয়। বোর্ডের দরোজা থেকে অনেক সময় ফেরত আসতে হয়। বোর্ড কর্তৃপক্ষের নিকট অনুরোধ, সার্টিফিকেটে যাতে নামে বানান ভুল লেখা না হয়, সেদিকে সতর্ক দৃষ্টি যেন রাখা হয়।

সুদীপ রঞ্জন গুপ্ত
ব্যবস্থাপনা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়